



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯/২৭১৬/১৮

তারিখ : ০৬/০৮/১৪২৬ বঙ্গাব্দ
২৩/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর।

- সূত্র : (১) স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭-২৪৫ তারিখ : ১২/০৬/২০১৮ খ্রি.
(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ তারিখ : ১৩/০৫/২০১৯ খ্রি.
(৩) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯-২২৫১(৩) তারিখ : ১৭/০৬/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখে জারিকৃত জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ নং পত্রে ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরে জন্য নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা জারির পরও লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের অধ্যক্ষের এ.এস.এম মনওয়ারুল ইসলাম(জন্মতারিখ : ১০.০৪.১৯৫৯) ৬০ বছর পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে অভিযোগের প্রেক্ষিতে ৩ নং সূত্র মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশনা দেয়া হয়। কিন্তু আপনি অদ্যাবধি দায়িত্ব হস্তান্তর করেন নাই।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের পরিপত্র মোতাবেক অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ না থাকায় আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রতিষ্ঠানে কর্মরত উপাধ্যক্ষকে, উপাধ্যক্ষ কর্মরত না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬.০৭.১৯

(ফারহানা আজর)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

এ.এস.এম মনওয়ারুল ইসলাম

অধ্যক্ষ

উত্তর বাংলা ডিগ্রি কলেজ

কালিগঞ্জ, লালমনিরহাট।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সভাপতি, গভর্নিং বডি, উত্তর বাংলা ডিগ্রি কলেজ, কালিগঞ্জ, লালমনিরহাট;

০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;

০৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কালিগঞ্জ শাখা, লালমনিরহাট;

(বিধি মোতাবেক জনাব এ.এস.এম মনওয়ারুল ইসলাম এর অধ্যক্ষের দায়িত্ব পালনের সুযোগ না থাকায় তাঁর স্বাক্ষরে কোন বেতন বিল পাশ না করার জন্য বলা হলো)

০৪। সংরক্ষণ নথি।